

সিনেট সভা সম্পর্কে

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ

গতকাল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে গত ৭ই জুলাইয়ের সিনেট সভা সম্পর্কে বিভিন্ন পত্র-পত্রিকায় প্রকাশিত সংবাদ সম্পর্কে বলা হয়, প্রকৃতপক্ষে রেজিষ্টার সিনেট সভা হইবে না বলিয়া কাহারো নিকট বক্তব্য দেন নাই। ঐদিন সিনেট সভায় যোগদানের জন্য সদস্যগণ যথাসময়ে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে উপস্থিত থাকা সত্বেও কিছুসংখ্যক ছাত্র প্রশাসনিক ভবন ও ভিসির বাসভবন অবরোধ করায় সভার কাজ পূর্ব নির্ধারিত সময়ে আরম্ভ করা সম্ভব হয় নাই। অবরোধ প্রত্যাহারের পর সদস্যগণ ভিসির বাসভবনে মিলিত হন। সভায় ৩৬ জন সদস্য উপস্থিত ছিলেন (৩০ জনে কোরাম হয়)।

এদিকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ৩ জন সিনেট সদস্য গত ৭ই জুলাইয়ের সিনেট সভা সম্পর্কে বিস্ময় প্রকাশ করিয়া গতকাল এক বিবৃতিতে বলেন, ভিসির বাসভবনের নিকট অবস্থান করা সত্বেও সিনেট সভার পরিবর্তিত স্থান সম্পর্কে তাহাদের অবহিত না করিয়া তাহাদের অধিকার ক্ষুণ্ণ করা হইয়াছে। ইহা সিনেট কার্য পরিচালনা বিধির পরিপন্থী। ডঃ বদিউল আলম, ডঃ জহিরুল হক ও ডঃ আবদুল মালেক চৌধুরী স্বাক্ষরিত বিবৃতিতে এই সভা বাতিলের দাবী জানান হয়।

শিবিরের সমাবেশ

ইসলামী ছাত্র শিবির চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা ৭ই জুলাই বিশ্ববিদ্যালয়ের সিনেট সভা অনুষ্ঠানের প্রতিবাদে গতকাল লাল-দীঘি ময়দানে এক গণসমাবেশের আয়োজন করে। বক্তারা বলেন '৭৩ এর এ্যাক্ট অনুযায়ী ভিসির অপসারণই সময়ের দাবী এবং সমস্যা সমাধানের উপায়। সভাপতিত্ব করেন হামিদুর রহমান আজাদ। বক্তব্য রাখেন রেজাউল করিম, গোলাম কবির প্রমুখ।